

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
শিবালয়, মানিকগঞ্জ।

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির ২৩.১১.২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ জাহিদুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ।  
সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শিবালয়।  
সভার তারিখ ও সময়ঃ ২৩.১১.২০২৩ খ্রিস্টাব্দ, সকালঃ ১০.৩০ টা।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার তদন্ত কার্যক্রম ও মামলা নিষ্পত্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নভেম্বর/২০২৩ মাসে কোন মামলা পাওয়া যায় নাই।	নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল হতে প্রাপ্ত মামলা সমূহ দ্রুততম সময়ে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ।
০২	যৌন হয়রানি প্রতিরোধ সংক্রান্ত : যৌন হয়রানি প্রতিরোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যৌন হয়রানি বিষয়ে কোন অভিযোগও পাওয়া যায় নাই। যৌন হয়রানি প্রতিরোধে আইন –শৃংখলা বাহিনীকে যথাযথ ব্যবস্থা গ্রহণ সহ উপজেলা নির্বাহী অফিসার এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	যৌন হয়রানি প্রতিরোধে আইন-শৃংখলা বাহিনীকে যথাযথ ব্যবস্থা গ্রহণসহ উপজেলা নির্বাহী অফিসার এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অফিসার ইনচার্জ, শিবালয়, মানিকগঞ্জ। ২। উপজেলা নির্বাহী অফিসার এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, শিবালয়, মানিকগঞ্জ।
০৩	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কল্পে উঠান বৈঠক: সভায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ জানান, নভেম্বর/২০২৩ মাসে গত ০১/১১/২০২৩ খ্রি: তারিখে কন্যা মেলা মহিলা কল্যাণ সমিতি, শিবরামপুর, শিবালয়, মানিকগঞ্জ, গত ০৯/১১/২০২৩ খ্রি: তারিখে উখলী ইউনিয়ন পরিষদ, শিবালয়, মানিকগঞ্জ, গত ১১/১১/২০২৩ খ্রি: তারিখে মহাদেবপুর কিশোর-কিশোরী ক্লাব, শিবালয়, মানিকগঞ্জে ৩৫+৩৫+৩৫= মোট ১০৫ জনকে নিয়ে জনসচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে।	১। সামাজিক ও স্বাস্থ্য বিধি মেনে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির জন্য নিয়মিত উঠান বৈঠক অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ।
০৪	উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সম্মানিত সকল ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ জানান যে, ইভটিজিং এর ধরণ পরিবর্তন হয়েছে। বখাটে ছেলেরা মেয়েদের নির্জন এলাকায় ডেকে নিয়ে ইভটিজিং করে। এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আরো জোড়ালো পদক্ষেপ গ্রহণের জন্য সভাকে অবহিত করেন।	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আরো জোড়ালো পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি পুনরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ জাহিদুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার  
শিবালয়, মানিকগঞ্জ।